গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

www.dme.gov.bd

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,

ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০১.১৮.১৫৩

তারিখ: ৪ আষাঢ় ১৪২৭
১৮ জুন ২০২০

বিষয়: **এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণ এমপিওভুক্তির তারিখ হতে ধারাবাহিকভাবে চাকুরীকাল ১০ বছর পূর্তিতে পরবর্তী উচ্চতর বেতন স্কেল প্রাপ্তি এবং পরবর্তী ০৬ (ছয়) বছর অর্থাৎ মোট ১৬ বছর চাকুরীকাল পূর্তিতে পরবর্তী উচ্চতর স্কেল প্রাপ্তির বিষয়ে নির্দেশনা প্রাপ্তি সংক্রান্তে।**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.০৬.০৯৩-১৮-৭৬৫ তারিখ: ১৯.০৭.২০১৯খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সূত্রোস্থ স্মারকে "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮" প্রণীত হয়।

০২. উক্ত জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা ২০১৮ এর ১১.৪ নং অনুচ্ছেদে উল্লেখ আছে-

" প্রভাষকগণ এমপিওভুক্তির ১০ বছর সন্তোষজনক চাকুরি পূর্তিতে বেতন গ্রেড ৯ থেকে ৮ প্রাপ্য হবেন। ১০ বছর পূর্তিতে উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্তির পর পরবর্তী ০৬ বছরে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রাপ্ত না হলে ০৬ বছর পূর্তিতে বেতন গ্রেড ৮ থেকে ৭ প্রাপ্ত হবেন।"

০৩. জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা ২০১৮ জারীর সময় বেসরকারি মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের বাৎসরিক ৫% ইনক্রিমেন্টের ব্যবস্থা ছিলনা। পরবর্তীতে বাৎসরিক ৫% ইনক্রিমেন্ট প্রদান করা হয় যা বর্তমানে অব্যাহত আছে। এমপিওভূক্ত প্রভাষকগণ ৯ গ্রেডে ২২,০০০.০০ টাকা পেয়ে থাকেন। দুইটি ইনক্রিমেন্ট প্রাপ্তিতে তারা বর্তমানে ২৪,২৬০.০০ টাকা প্রাপ্য হন। প্রভাষকগণ ১০ বছর পূর্তিতে যদি ৮ কোডে অর্থাৎ ২৩,০০০.০০ টাকা দেয়া হয় তাহলে কিভাবে বেতন নির্ধারণ করা হবে বিষয়টি স্পষ্ট হওয়া প্রয়োজন।

০৪. জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা ২০১৮ এর ১১.৫ নং অনুচ্ছেদে উল্লেখ আছে-

শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মচারীদগণ তাঁদের এমপিওভুক্তির তারিখ হতে ১০ (দশ) বছর সন্তোষজনক চাকুরী পূর্ণ হলে পরবর্তী বেতন গ্রেড প্রাপ্য হবেন এবং পরবর্তী ৬ (ছয়) বছর পর একইভাবে পরবর্তী বেনত গ্রেড প্রাপ্য হবেন। তবে উল্লিখিত স্কেল প্রাপ্তির ক্ষেত্রে একই স্কেলে যথাক্রমে ১০ বছর ও ৬ বছর চাকুরী পূর্ণ হতে হবে। সমগ্র চাকুরী জীবনে দুটির বেশী উচ্চতর গ্রেড/ টাইম স্কেল (যে নামেই হোক না কেন) প্রাপ্য হবেন না।"

০৫. সূত্রোস্থ স্মারকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা-২০১৮ জারির তারিখ অর্থাৎ ১৯ জুলাই, ২০১৮ তারিখ থেকে নীতিমালায় উল্লিখিত শিক্ষক-কর্মচারীদের উচ্চতর স্কেল স্বয়ংক্রিয়ভাবে কার্যকর হবে এবং সে মোতাবেক উচ্চতর স্কেল প্রদানের বিষয়টি বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। নীতিমালা জারির তারিখ থেকে উপরিউক্ত সুবিধা কার্যকর করা হলে নীতিমালা জারির তারিখ থেকে বকেয়া প্রদান করা হবে কিনা তা স্পষ্ট হওয়া প্রযোজন।

০৬. উল্লেখ্য, শিক্ষক-কর্মচারীদের উচ্চতর স্কেল প্রদান বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আবেদনের প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ বাস্তবায়ন অনুবিভাগ বাস্তবায়ন-২ অধিশাখা (স্মারক নং-০৭.০০.০০০০.১৬২.৩৭.০০.০৮৫.১৯-৬৬) কর্তৃক বেসরকারি স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীদের ধারাবাহিকভাবে চাকুরীকাল ১০ বছর পূর্তিতে পরবর্তী উচ্চতর স্কেল প্রদানের নির্দেশনা দেয়া হয়েছে। (কপি সংযুক্ত)।

০৭. এমতাবস্থায় এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তির তারিখ হতে ধারাবাহিকভাবে চাকুরীকাল ১০ বছর পূর্তিতে পরবর্তী উচ্চতর বেতন স্কেল প্রাপ্তি এবং পরবর্তী ০৬ (ছয়) বছর অর্থাৎ মোট ১৬ বছর চাকুরীকাল পূর্তিতে পরবর্তী উচ্চতর স্কেল প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

১৮-৬-২০২০
সফিউদ্দিন আহমদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, এমপিও শাখা , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

১৮-৬-২০২০
মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

www.dme.gov.bd

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,

ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০১.১৮.১৫১ তারিখ: ৩ আষাঢ় ১৪২৭

১৭ জুন ২০২০

বিষয়: **২০০৬ সাল পর্যন্ত কামিল ডিগ্রী অর্জনকারী সহকারী মৌলভীগণের উচ্চতর স্কেল ১০ গ্রেডে এবং এবতেদায়ী প্রধানদের ১১ গ্রেডে বেতন-ভাতা প্রাপ্তির বিষয়ে স্পষ্টীকরণ প্রসংঙ্গে।**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.০৬.০৯৪-১৯-০৩ তারিখ: ০২.০১.২০১৯খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ স্মারকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা-২০১৮ জারির তারিখ অর্থাৎ ১৯ জুলাই, ২০১৮ তারিখ থেকে নীতিমালায় উল্লিখিত শিক্ষক-কর্মচারীদের উচ্চতর স্কেল স্বয়ং ক্রিয়ভাবে কার্যকর হবে এবং সে মোতাবেক উচ্চতর স্কেল প্রদানের বিষয়টি বাস্তবায়নের নির্দেশনা রয়েছে।

০২. উল্লেখ্য, কামিল ডিগ্রী অর্জনকারী মাদ্রাসার সহকারী শিক্ষকগণ ইতোপূর্বে **১১** কোডে বেতন-ভাতা প্রাপ্য হতেন । বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ১১.৩.খ-এর নির্দেশনা মোতাবেক "২০০৬ সাল পর্যন্ত কামিল ডিগ্রী অর্জনকারী মাদ্রাসায় এমপিওভুক্ত সহকারী মৌলভীগণ কামিল ডিগ্রীর জন্য বিএড এর সমান গ্রেড-১০-এ বেতন-ভাতা প্রাপ্য হবেন" মর্মে উল্লিখিত **হয়েছে।**

০৩. ইবতেদায়ী প্রধানগণ ইতোপূর্বে ১৫ কোডে বেতন-ভাতা প্রাপ্য হতেন। জনবল কাঠামো ২০১৮ এর পরিশিষ্ট "ঘ" এর ৩১ নম্বর ক্রমিকে ইবতেদায়ী প্রধানদের ১১ কোডে বেতন-ভাতা প্রদানের নির্দেশনা রয়েছে।

০৪. বেসরকারি মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণ কর্তৃক যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন দাখিল ও তা অনুমোদন সাপেক্ষে তাঁদের বেতন-ভাতা প্রদান করা হয়ে থাকে। স্বয়ংক্রিয়ভাবে কার্যকর করার সুযোগ নেই। নীতিমালা জারির তারিখ থেকে উপরিউক্ত সুবিধা কার্যকর করা হলে নীতিমালা জারির তারিখ থেকে বকেয়া প্রদান করা হবে কিনা তা স্পষ্ট হওয়া প্রয়োজন।

০৫. এমতাবস্থায় ২০০৬ সাল পর্যন্ত কামিল ডিগ্রী অর্জনকারী সহকারী মৌলভীগণের ১০ গ্রেডে এবং এবতেদায়ী প্রধানদের ১১ গ্রেডে বেতন-ভাতা প্রদান বিষয়ে স্পষ্টীকরণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

১৭-৬-২০২০
সফিউদ্দিন আহমদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

১৭-৬-২০২০
মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক